

- সভ্য—ভদ্র, শিষ্ট, মার্জিত, সুবুচি সম্পন্ন। □ একদা—একদিন, কোনও এক সময়ে।
 □ আমেরিকা—একটি মহাদেশ। □ আদিম নিবাসী—আদিবাসী, ইউরোপীয়দের যাবার আগে,
 সে দেশে যারা বসবাস করতো। □ মৃগয়া—পশুশিকার। □ অশ্বেষণে—খোঁজে। □ ভ্রমণ
 করিয়া—ঘুরে ঘুরে। □ সায়ংকালে—সন্ধ্যাবেলায়। □ অতিশয়—খুব। □ ক্রান্ত—পরিশ্রান্ত।
 □ একান্ত—বিশেষভাবে। □ আক্রান্ত—আক্রমণ করা হয়েছে এমন, পীড়িত। □ সন্নিহিত—
 কাছাকাছি, নিকটবর্তী। □ যুরোপীয়—ইউরোপ মহাদেশের অধিবাসী। □ বাসস্থানে—গৃহে,
 বসতিতে। □ উপস্থিত—হাজির। □ গৃহস্বামী—গৃহের মালিক। □ সন্নিধানে—কাছে, নিকটে।
 □ আপন—নিজের। □ অবস্থা—হাল। □ কৃতাঙ্গুলি পুটে—হাতজোড় করে। □ কাতর—
 ব্যাকুল। □ প্রার্থনা—চাওয়া, আবেদন। □ প্রাণরক্ষা—প্রাণে বাঁচান। □ সাতিশয়—অতিশয়

অত্যন্ত। □ কোপ—ক্রোধ। □ আহার—খাবার। □ প্রস্তুত—তৈরি। □ প্রাণ বিয়োগ—জীবন
 যার যার, মৃত্যু। □ মহাপুরুষ—মহানব্যক্তি। □ পাপিষ্ঠ—অতিশয় পাপী। □ আলয়—বাড়ি।
 □ নিতান্ত—খুবই। □ হতাশ—নিরাশ। □ প্রস্থান—চলে যাওয়া। □ বয়স্যবর্গ—বন্ধু-বান্ধব,
 সমবয়সী অন্তরঙ্গজনেরা। □ সমভিব্যাহারে—সঙ্গে। □ ইতস্তত—এদিক-ওদিক। □ গভীর—
 নিবিড়। □ অরণ্যে—জঙ্গলে, □ সজ্জাভুষ্ট—সজ্জাছাড়া। □ বহির্গত—বাইরে গিয়েছে বা বাহির
 হয়েছে এমন। □ অভিভূত—পরাভূত, আক্রান্ত, বিহুল। □ বিলক্ষণ—ভালোরকম, খুব।
 □ নির্ণয়—স্থিরীকরণ। □ নাম নির্দেশ পূর্বক—নাম ধরে ধরে, নাম উল্লেখ করে।
 □ উচ্চৈশ্বরে—চিৎকার করে। □ বারংবার—বারবার। □ আহ্বান—ডাক। □ অন্তঃকরণে—
 মনের ভেতরে। □ বিলক্ষণ—বেশ, খুব। □ অধিকন্তু—আরও। □ হতাশ—নিরাশ।
 □ ধাবমান—ছুটছে এমন। □ কিয়ৎক্ষণ—কিছুক্ষণ। □ পর্ণশালা—পাতার কুটির। □ নয়নগোচর—
 চোখে পড়া। □ কিঞ্চিৎ—কিছুটা। □ আশ্বাসিত—আশ্বস্ত। □ সত্বর—তাড়াতাড়ি। □ কুটির—
 ঘর, বাড়ি। □ পুরস্কার—পারিতোষিক, বকশিস্। □ অঞ্জীকার—প্রতিজ্ঞা, প্রতিশ্রুতি।
 □ কুটিরস্বামী—বাড়ির মালিক। □ অদ্য—আজ। □ নির্বিঘ্নে—বাধা না পেয়ে। □ কল্য—কাল,
 এখানে আগামী কাল। □ প্রাত—সকালে। □ লোকালয়ে—যেখানে লোকজনের ঘর-বাড়ি
 আছে। □ অবস্থিতি করুন—থাকুন। □ সংস্থান—সঙ্কল্প,ব্যবস্থা সংগ্রহ। □ পরিচর্যায়—
 সেবার। □ নিয়োজিত হইবে—নিয়োগ করা হবে। □ নিরুপায়—উপায়হীন। □ তদীয়—তাঁর।
 □ আহারের ও শয়নের—খাবার এবং শোবার। □ যথাসম্ভব—যতখানি সম্ভব। □ রজনী—
 রাত্রি। □ কিয়ৎদূর—কিছুদূর। □ অক্লেশে—ক্লেশহীন ভাবে, কষ্টছাড়া। □ নিরাপদে—কোনো
 বিপদে না পড়ে। □ অসভ্য—যে সভ্যতা জানে না। □ সভ্য—যে সভ্যতা জানে। □ অবিচলিত
 নয়নে—এক দৃষ্টিতে। □ নিরীক্ষণ—দেখা। □ অনন্তর—পরে। □ ঈষৎ—সামান্য।
 □ ইতঃপূর্বে—এর আগে। □ সাভিনিবেশ—অভিনিবেশ সহ, মনোযোগ সহ। □ দৃষ্টি
 নিক্ষেপ—দৃষ্টিপাত, দেখে। □ তৎক্ষণাৎ—তখনই। □ জলদান—পানীয় জল দিয়ে।
 □ প্রাণদান—জীবন দেবার। □ পরিপূরণ—পূর্ণ। □ যৎপরোনাস্তি—যারপর আর নেই।
 □ হতবুদ্ধি—বুদ্ধি হারানো, কিংকর্তব্যবিমূঢ়। □ অধোবদনে—নতমুখে, মুখ নীচু করে।
 □ দণ্ডায়মান—দাঁড়িয়ে আছে এমন। □ পূর্বকৃত—আগে যে কাজ করা হয়েছে। □ নৃশংস—
 নির্ধুর। □ আচরণ—ব্যবহার। □ নিমিত্ত—জন্য। □ ক্ষমা প্রার্থনা—ক্ষমা চাওয়া। □ স্থির
 করিতে পারা—ঠিক করতে পারা। □ গর্বিত—অহংকারী, গর্বসূচক। □ অভিমান—অহংকার,
 গর্ব। □ সৌজন্য—ভদ্রতা, শিষ্টাচার। □ সদ্যবহার—ভালো ব্যবহার। □ উৎকৃষ্ট—ভালো।
 □ আপনকার—আপনার। □ যথোপযুক্ত—যেমন উপযুক্ত। □ অবমাননা—অপমান।
 □ প্রস্থান—চলে যাওয়া।